BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/৩২

তারিখঃ ২৩ ফেব্রুয়ারি, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে নীতি সহায়তা প্রদান প্রসঙ্গে।**

**সূত্রঃ** বিআরপিডি-১/সিআরএস/৯০২(৪)/২০২৬-১২৫৮ তারিখঃ ২২/০২/২০২৬ইং।

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬/২০২৫ এর আওতায় ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানসমূহের ঋণ পুনঃতফসিল/এক্সিটের সুবিধা প্রদান করা হয়।

এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে নতুন যে সকল সুবিধা দিয়ে তফসিলি ব্যাংকগুলোকে নির্দেশনা দিয়েছে তা নিম্নে তুলে ধরা হলো ঃ-

- ডাউন পেমেন্ট আদায়ের ক্ষেত্রে প্রয়োজনবোধে গ্রাহকের আবেদনের সাথে নির্ধারিত পরিমাণের ৫০% এবং কার্যকর পরবর্তী ছয় মাসের মধ্যে অবশিষ্ট ৫০% ডাউন পেমেন্ট আদায় করা যাবে।

- ইতিমধ্যে নীতি সহায়তা প্রদান করা হয়েছে কিন্তু যৌক্তিক কারণে বাস্তবায়ন সম্ভব না হয়ে থাকলে সংশ্লিষ্ট অর্থায়নকারী প্রতিষ্ঠান পূর্বনির্ধারিত সময়সীমার অতিরিক্ত আরও ০৩ (তিন) মাস পর্যন্ত সময় বৃদ্ধি করতে পারবে।

- সুদ মওকুফ সংক্রান্ত কোন বিষয় বিবেচনার ক্ষেত্রে সংশ্লিষ্ট অর্থায়নকারী প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ কর্তৃক বিদ্যমান নীতিমালার আওতায় ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

২৩/২/২৬

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।




BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
বাংলাদেশে তৈরি
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org


CamScanner

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

সূত্র: বিআরপিডি-১/সিআরএস/৯০২(৪)/২০২৬-১২৫৮

তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে নীতি সহায়তা প্রদান প্রসঙ্গে**

শিরোনামোক্ত বিষয়ে বিভিন্ন তফসিলি ব্যাংক/স্টেকহোল্ডার-এর আবেদনের প্রেক্ষিতে নিম্নরূপভাবে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

ক) বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬/২০২৫ এর আওতায় ঋণ পুনঃতফসিল/এক্সিটের ক্ষেত্রে সংশ্লিষ্ট অর্থায়নকারী প্রতিষ্ঠান ডাউন পেমেন্ট আদায়ের ক্ষেত্রে প্রয়োজনবোধে গ্রাহকের আবেদনের সাথে নির্ধারিত পরিমাণের ৫০% এবং কার্যকর পরবর্তী ছয় মাসের মধ্যে অবশিষ্ট ৫০% ডাউন পেমেন্ট আদায় করা যাবে;

খ) ইতোমধ্যে নীতি সহায়তা প্রদান করা হয়েছে কিন্তু যৌক্তিক কারণে বাস্তবায়ন সম্ভব না হয়ে থাকলে সংশ্লিষ্ট অর্থায়নকারী প্রতিষ্ঠান পূর্ব নির্ধারিত সময়সীমার অতিরিক্ত আরও ০৩ (তিন) মাস পর্যন্ত সময় বৃদ্ধি করতে পারবে;

গ) সুদ মওকুফ সংক্রান্ত কোন বিষয় বিবেচনার ক্ষেত্রে সংশ্লিষ্ট অর্থায়নকারী প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ কর্তৃক বিদ্যমান নীতিমালার আওতায় ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

২। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনের সূত্রে এ পত্র ইস্যু করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)
পরিচালক (বিআরপিডি) ও
সদস্য সচিব, বাছাই কমিটি
ফোনঃ ৯৫৩০২৫২



CamScanner